# Times Today BD

স্পোর্টস ডেস্ক | খেলা | 25 June, 2025

বাংলাদেশের টেস্ট ক্রিকেট ইতিহাসের প্রথম অধিনায়ক নাঈমুর রহমান দুর্জয় অবশেষে বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) ২৫ বছর পূর্তি আয়োজনে দাওয়াত পেয়েছেন।

আজ (বুধবার) ধানমন্ডির রিয়া গোপ মহিলা কমপ্লেক্সে ঢাকা বিভাগের রজতজয়ন্তী অনুষ্ঠান চলাকালে বিসিবি সভাপতি আমিনুল ইসলাম বুলবুল বিষয়টি নিশ্চিত করেন।

দুর্জয় দেশের ক্রিকেটের উত্থানের শুরুর অন্যতম ব্যক্তিত্ব হলেও, ক্রিকেট-পরবর্তী রাজনীতি জীবনের কারণে তাকে নিয়ে বিসিবির নির্লিপ্ততা নিয়ে প্রশ্ন ছিল।এমনকি কদিন আগেই এক গণমাধ্যমে তিনি বলেন, ২০০০ সালের ঐতিহাসিক টেস্ট ম্যাচের ২৫ বছর পূর্তির অনুষ্ঠানেও তাকে আমন্ত্রণ জানানো হয়নি।সেই ম্যাচেই তিনি অধিনায়ক ছিলেন।

তবে আজ বিসিবি সভাপতি বলেন,

“দাওয়াতও দেওয়া হয়েছে, কলও করা হয়েছে।”

নিজে সেই ঐতিহাসিক ম্যাচের স্কোয়াডে ছিলেন উল্লেখ করে বুলবুল বলেন,

“আমরা নিজেদের ভাগ্যবান মনে করতাম।আগের অনেক বড় ক্রিকেটার ছিলেন—ফারুক ভাই, আতাহার আলী ভাই, নান্নু ভাই—তারা সুযোগ পাননি, আমরা পেয়েছিলাম।”

আগামীকাল মিরপুরে বিসিবির বিশেষ অনুষ্ঠানে প্রথম টেস্ট স্কোয়াডের সব অ্যাভেইলেবল সদস্যদের আমন্ত্রণ জানানো হয়েছে বলে জানান তিনি।

“এই আয়োজন আমাদের ২৫ বছর আগের স্মৃতিতে ফিরে যাওয়ার সুযোগ।সেই ক্রিকেটীয় বন্ধুত্ব, সম্মান ও সংযুক্তি অটুট রাখাই আমাদের উদ্দেশ্য।”

রজতজয়ন্তী বিসিবি নাঈমুর রহমান দুর্জয় ক্রিকেট

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 25 June, 2025 21:02

URL: https://timestodaybd.com/sports/3667775807